# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**02 OCTOBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) সমগ্র দেশে আজ জাতির পিতা মহাত্মা গান্ধীর ১৫৫ তম জন্ম জয়ন্তী পালন । বরাক উপত্যকার তিন জেলায়ও এই দিবস পালন।

২) প্রাক্তন প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রীর ১২০ তম জন্ম জয়ন্তী উপলক্ষ্যে দেশবাসীর তাঁর প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন ।

৩) স্বচ্ছ ভারত অভিযানের ১০ বছর সম্পূর্ণ ।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ আসামে স্থাপন করা চারটি গুরুত্বপূর্ণ প্রকল্প সহ দেশের মোট ৩৩ টি সংকুচিত জৈব গ্যাস প্রকল্পের ভার্চুয়াল ব্যাবস্থার মাধ্যমে ভিত্তি প্রস্তর স্থাপন ।

এবং

৫) পোষণ গ্রাম নির্মাণ কার্যসূচীতে রাজ্যের মধ্যে হাইলাকান্দি জেলার প্রথম পুরস্কার লাভ ।

---

জাতির পিতা মহাত্মা গান্ধীর ১৫৫ তম জন্মজয়ন্তী সমগ্র দেশে আজ শ্রদ্ধার সংগে পালন করা হয়েছে । এ উপলক্ষে নতুন দিল্লীর রাজঘাটের সমাধিস্থল সহ বিভিন্ন স্থানে

আজ সর্বধর্ম প্রার্থনা , শ্রদ্ধাঞ্জলী ইত্যাদি বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে দিনটি পালন করা হয় ।

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু গান্ধী জয়ন্তীতে আজ দেশবাসীকে মহাত্মা গান্ধীর স্বপ্নের ভারতের সত্য , অহিংসা , প্রেম ও বিশুদ্ধতার মূল্যবোধকে গ্রহণ করার সংকল্প নিতে আহ্বান জানিয়েছেন ।জাতির পিতা মহাত্মা গান্ধীর ১৫৫ তম জন্ম জয়ন্তীতে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করে রাষ্ট্রপতি দেশ ও সমাজের উন্নয়ন অবিরতভাবে এগিয়ে নিয়ে যাওয়ার প্রয়াস অব্যাহত রাখতে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গান্ধী জয়ন্তী উপলক্ষে তার প্রতি শ্রদ্ধা জানিয়ে সত্য ও সমতার ভিত্তিতে মহামানবের জীবন ও আদর্শ দেশবাসীকে সমসময় অনুপ্রেরণা যোগাবে বলে উল্লেখ করেন ।

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজকের দিনটিতে জাতির পিতা মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা নিবেদন করে বলেন যে অহিংসাকে জীবনের ব্রত করে জাতি প্রেম , মানব প্রেম , মানব সেবার আদর্শ ই দেশবাসীকে আজ ও উদ্বুদ্ধ করে আসছে ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দিতেও আজ মহাত্মা গান্ধীর জন্ম জয়ন্তী পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে সরকারি কার্যালয়গুলিতে অহিংসা নীতি সুদৃঢ় করতে সমবেত শপথ গ্রহণ করা হয় । জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে আধিকারিক ও কর্মচারীরা সর্বক্ষেত্রে অহিংসা নীতি গ্রহণের অঙ্গীকার করেন ।অতিরিক্ত আয়ুক্ত লাইরহলু খেনতে সমবেত শপথ পাঠ করান ।

কাছাড় জেলায়ও আজ গান্ধী জয়ন্তী পালন করা হয় । এ উপলক্ষ্যে শিলচরে জেলা কংগ্রেস কার্যালয়ে গান্ধীজীর প্রতিকৃতিতে মাল্যদান ও সর্বধর্ম প্রার্থনা সহ অন্যান্য কার্যসূচীর আয়োজন করা হয় ।

-----------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলায়ও আজ যথাযোগ্য মর্য্যাদায় জাতির জনক মহাত্মা গান্ধীর জন্ম জয়ন্তী পালন করা হয়েছে । জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে সকাল ১১টায় জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিদেবী সহ জেলা উন্নয়ন আয়ুক্ত দীপক জীডুং , অতিরিক্ত আয়ুক্ত উদয় শংকর দত্ত , নির্বাচন আধিকারিক মংভে ইংহি সহ জেলা আয়ুক্তের কার্য্যলয়ের কর্মী ও আধিকারীকরা গান্ধীজীর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন ।

-----------------------------------------------------------------------------------

-----------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলা কংগ্রেস কমিটির পক্ষ থেকেও আজ বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে জাতীর জনক মহাত্মা গান্ধীর জন্ম দিবস পালন করা হয়েছে । করিমগঞ্জ শহরের মহাত্মা গান্ধীর প্রতিমূর্তিতে  জেলা কংগ্রেস সভাপতি রজত চক্রবর্তী সহ অন্যান্য কংগ্রেস কর্মীরা শ্রদ্ধা জানান । এছাড়া সর্বধর্ম প্রার্থনা সভা ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রীর ১২০ তম জন্ম জয়ন্তী উপলক্ষ্যে আজ দেশবাসী তাঁকে স্মরণ করেছে । রাষ্ট্রপতি-উপ-রাষ্ট্রপতি,প্রধানমন্ত্রী সহ শাসক ও বিরোধীদলের বেশ কয়েকজন নেতা মন্ত্রীও দিল্লীর বিজয়ঘাটে লাল বাহাদুর শাস্ত্রীর সমাধিতে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মাও জয় জোয়ান জয় কিষান ধ্বনিতে দেশের কৃষক সহ জনসাধারণকে উদ্বুদ্ধ করা স্বাধীন ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রীর জন্ম দিবসে শ্রদ্ধা নিবেদন করেছেন । মূখ্যমন্ত্রী এক বার্তায় বলেন যে একজন প্রকৃত দেশসেবক শাস্ত্রীর আদর্শ ও মহান কর্মরাজি পরবর্তী প্রজন্মের জন্য প্রেরণা হয়ে থাকবে ।

-----------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে পরিষ্কার পরিচ্ছন্ন ভারত গড়ে তুলতে ক্রমাগতভাবে প্রয়াস অব্যাহত রাখতে হবে । নতুন দিল্লীতে আজ স্বচ্ছ ভারত অভিযানের ১০ বছর পূর্তি উপলক্ষ্যে স্বচ্ছতাই সেবা ২০২৪ অনুষ্ঠানে এই মন্তব্য করেন । প্রধানমন্ত্রী স্বচ্ছতাকে এক গণ আন্দোলন হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে ১৪০ কোটি দেশবাসীর প্রচেষ্টাকে সম্মান জানান । স্বচ্ছ ভারত অভিযানের সফলতায় প্রত্যেক ভারতবাসীর অবদান রয়েছে বলেও তিনি মন্তব্য করেন । প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে মাত্র ১৫ দিনের সেবা পাখোয়াড়ায় সমগ্র দেশের ২৭ লক্ষেরও অধিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । যেখানে ২৪ কোটিরও অধিক ভারতবাসী অংশগ্রহণ করেছেন । জাতির পিতা মহাত্মা গান্ধী সহ দেশের মহামণিষীদের দেখা স্বপ্নের ভারত  লাভ করতে আজকের দিনটি অনুপ্রাণিত করে বলে শ্রী মোদি উল্লেখ করেন ।

-----------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আসামে স্থাপন করার জন্য চারটি গুরুত্বপূর্ন প্রকল্প সহ দেশের মোট ৩৩ টি সংকুচিত জৈব গেস প্রকল্পের  শিলান্যাস অনুষ্ঠান ভাচুয়েল ব্যবস্থার মাধ্যমে সম্পন্ন করেন । অয়েল ইন্ডিয়া লিমিটেড গৌহাটী , যোরহাট , শিবসাগর ও তিনসুকিয়ায় সংকুচিত জৈব গেস প্রকল্প স্থাপনের ব্যবস্থা করেছে ।

কেন্দ্রীয় সরকারের  সরকারী ক্ষেত্রে প্রদান করা বিনিয়োগ ও ব্যাক্তিগত উদ্যমীর সংগে সহযোগীতার মাধ্যমে রুপায়ন করা প্রকল্পের অংশ হিসেবে প্রতিষ্ঠানটি এই প্রকল্পগুলি স্থাপনের ব্যবস্থা গ্রহণ করেছে ।শহরাঞ্চলের গোটা আবর্জনাকে জৈব গেসে রুপান্তরের মাধ্যমে অর্থনীতি , পরিবেশ তথা সমাজের প্রতি অবদানের উদ্দেশ্যে রুপায়নের জন্য গ্রহণ করা এই প্রকল্পের মাধ্যমে ওয়েল ইন্ডিয়া লিমিটেড দৈনিক ১২৫ টন আবর্জনা নিষ্কাষণ করে এরপর দিন প্রায় ২ টন পরিমানের সংকুচিত জৈব গেস উৎপাদন করতে পারবে বলে আশা করা হচ্ছে ।এই গোষ্ঠীসমূহ একই সংগে ৫০০ টন পৌর  নিগমের আবর্জনাকে প্রতিদিন ৮ টন পরিমাণের সংকুচিত জৈব গেস উৎপাদন করতে পারবে ।মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা এই বিশেষ পদক্ষেপের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে আসামবাসীর হয়ে ধন্যবাদ জ্ঞাপন করেছেন । এক বার্তায় তিনি বলেন যে প্রধানমন্ত্রী শ্রী মোদী দেশকে স্বচ্ছ করে তোলার দিকে সবসময় গুরুত্ব আরোপ করে আসছেন ।

উল্লেখ্য এই প্রকল্পের মাধ্যমে প্রদূষণের পরিমাণ উল্লেখযোগ্যভাবে হ্রাস পাওয়া সহ কর্ম সংস্থানের সুযোগ বৃদ্ধি পাবে । প্রধানমন্ত্রীর পৌরহিত্যে এই উদ্ভোধনী অনুষ্ঠানে আসামের চারটি স্থানে বেশ কয়েকজন প্রবীন সরকারী আধিকারিক সহ শিল্পদ্যোগী তথা সমাজের বিশিষ্ঠ ব্যাক্তিরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা পোষণ গ্রাম নির্মাণ কার্যসূচীতে  রাজ্যের মধ্যে প্রথম পুরস্কার লাভ করেছে । গতকাল গোলাঘাট জেনারেল ফিল্ডে অনুষ্ঠিত এক সম্মেলনে রাজ্যের অর্থ ও সমাজকল্যাণ মন্ত্রী অজন্তা নেওগের হাত থেকে এই পুরস্কার গ্রহণ করেন হাইলাকান্দির সমাজকল্যাণ বিভাগের ডি পি এম রজত চক্রবর্তী । পুরস্কার হিসেবে শংসাপত্র ,স্মারক এবং ১৫ হাজার টাকার চেক প্রদান করা হয়েছে । উল্লেখ্য হাইলাকান্দি জেলার পাঁচটি সুসংহত শিশু কল্যাণ কর্মসূচী অর্থাৎ আই সি ডিএসের অধীনে দূর্বল এবং অপুষ্টির শিশু শূণ্য করার একটি প্রস্তাব বাস্তবায়ন করায় হাইলাকান্দি জেলা ২০২৪ সালের সপ্তম পোষণ মাস পালনে এই পুরস্কার লাভ করেছে ।

---------------------------------------------------------------------------------------

আজ মহালয়া । পিতৃপক্ষের সমাপ্তি ও দেবীপক্ষের সূচনা হয় । আজকের দিনটিতে দেবী দূর্গার মর্তে আগমন ঘটে বলে বিশ্বাস প্রচলিত রয়েছে ।আজ মহালয়ার সংগে সংগে দূর্গা পূজার আধ্যাত্মিক পর্বসমূহ ও আরম্ভ হয়ে যায় ।এদিকে আগামীকাল থেকে নবরাত্রি  পালন শুরু হবে ।

সমগ্র রাজ্যের সংগে বরাক উপত্যকার তিনজেলায় ও আজ নদীগুলি সহ বিভিন্ন জলাশয়ে পিতৃপুরুষের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে তর্পন করা হয় ।শিলচরে

অন্নপূর্ণাঘাট সহ  নদীর পার এবং জলাশয়গুলিতে তর্পন করা হয় এবং স্থানগুলিতে অগণন লোকের সমাবেশ পরিলক্ষিত হয় ।

এদিকে আজ ভোরে আকাশবানী শিলচর কেন্দ্র থেকে  মহিশাসুরমর্দিনী সম্প্রচারিত হোয়ার সংগে সংগে শিলচর সহ অন্যান্য স্থানে ছোট বড় সবাইকে রাস্তায় বেরিরে পড়ে দিনটির আনন্দ উপভোগ করা পরিলক্ষিত হয় ।আজ সকালে স্থানে স্থানে উৎসব মুখর পরিবেশের সৃষ্টি হয় ।

হাইলাকান্দি জেলায় ও আজ উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয় । মহালয়ার ভোরে আজ সমগ্র শহরে ছোট বড় সবাইকে বেরিয়ে পড়তে দেখা গেছে । আজ মন্দিরগুলিতে বিশেষ পূজাচর্চনার আয়োজন করা হয় । এদিকে হাইলাকান্দির সামাজিক ও সাংস্কৃতিক সংস্থা দ্য ড্রিমস বিশেষ প্রদর্শনীর মাধ্যমে মহালয়ার প্রভাত ফেরীতে নতুন মাত্রা যোগ করে । তাদের ট্যাবলোতে দূর্গা পূজার ইতিহাস থেকে শুরু করে সামাজিক বার্তা প্রদানের মাধ্যমে পূজার আনন্দে সংহতি প্রকাশ করা হয় ।

এদিকে করিমগঞ্জ জেলায় ও মহালয়ার পুন্যলগ্নে জেলাবাসীর মধ্যে আনন্দ উৎসাহ পরিলক্ষিত হয় । অন্যান্য বছরের মতো এবার ও অগুনিত মানুষ কুশিয়ারা নদীতে পূর্বপুরুষের উদ্দেশ্যে তর্পন করেন ।

---

করিমগঞ্জ এরালিগুলের পন্ডিত দীনদয়াল উপাধ্যায় আর্দশ মহাবিদ্যালয়ের এন এস এস ইউনিটের উদ্যোগে গত ১৭ই সেপ্টেম্বর থেকে শুরু হওয়া স্বচ্ছতা অভিযান আজ শেষ হয়েছে । এই অভিযানে এন এস এস স্বেচ্ছাসেবকদের অংশগ্রহনে কলেজ প্রাঙ্গনে পরিষ্কার-পরিচ্ছনতা সর্ম্পকিত বিভিন্ন কার্য্যসূচী গ্রহন করা হয় । এছাড়াও স্বচ্ছতা অভিযানকে কেন্দ্র করে আলোচনা সভা , কুইজ , পোষ্টার প্রতিযোগীতা, এক পেড় মা-কে নাম বৃক্ষরোপন কার্য্যসূচী পালন করা হয়েছে ।

---

করিমগঞ্জ পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে আজ রামকৃষ্ণনগর এলাকার  অর্ন্তগত চম্পকনগর এলাকায় অভিযান চালিয়ে  বৃহৎ পরিমানের নেশা জাতীয় সামগ্রী বাজেয়াপ্ত করা সহ একজন যুবককে আটক করেছে । আমাদের করিমগঞ্জের সংবাদদাতা জানিয়েছেন যে আটক করা যুবকের নাম আফজল হোসেন লস্কর । পুলিশ ধৃত ব্যাক্তির কাছ থেকে  ১৮শ ইয়াবা ট্যাবলেট সহ ৬০ গ্রাম ড্রাগস জব্দ করেছে । যার বাজার মূল্য এক কোটী তিন লক্ষ টাকা বলে পুলিশ জানিয়েছে । পুলিশ ধৃত ব্যাক্তিকে জিজ্ঞাসাবাদ করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

---